

**কচি-কাচার মেলার পঞ্চম
জাতীয় শিক্ষা শিবির
২৮শে জানুয়ারি শুরু**

কেন্দ্রীয় কচি-কাচার মেলার উদ্যোগে ৩ দিনব্যাপী পঞ্চম জাতীয় শিক্ষা শিবিরের আয়োজন করা হয়েছে। এ শিক্ষা শিবির আগামী ২৮ থেকে ৩০শে জানুয়ারি ৩৭/এ, সেগুনবাগিচার মেলা ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে।

শিক্ষা শিবিরে অংশগ্রহণে মেলায় জাইবোনদের আগামী ২৭শে জানুয়ারি সন্ধ্যা ৭টার মধ্যে মেলা প্রাঙ্গণের শিবিরের অভ্যর্থনা কেন্দ্রে নাম জালিকাভুক্ত করার অনুরোধ জানানো হচ্ছে।

শিক্ষা শিবিরের কর্মসূচির মধ্যে রয়েছে সমাবেশ, পিটি, প্যারেন্ট, লিডিন্গ, ব্যাড প্রদর্শন, ব্রুচচারী নৃত্য, কঠিনতা, ডায়েলগিক, প্রাথমিক চিকিৎসা, চিত্রাঙ্কন, কম্পিউটার ও পরিবেশ বিজ্ঞান বিষয়ক প্রদর্শন, সঙ্গীত, নিয়ম-শৃঙ্খলা প্রদর্শন, ক্যাম্প ফায়ার ও ঐতিহাসিক স্থানসমূহ পরিদর্শন।

শিক্ষা শিবিরে অংশগ্রহণে জাইবোনদের সঙ্গে করে যেসব সামগ্রী আনতে হবে তা হলো : একজনের উপযোগী বিছানা, চাদর, বালিশ, তোয়ালে বা গামছা, পর্যাপ্ত শীতের কাপড় (কম্বল, সোয়েটার, চাদর, মাফলার ইত্যাদি), পরিষ্কার কাপড়, সাবান, কাপড় ধোয়ার সাবান, টুথপেস্ট ও টুথব্রাশ, মাথা ও গায়ে মাখার তেল, ভাতের ধান, পানি ঝাওয়ার গ্রাস, একটি ছোট আয়না ও চিকিৎসা, একজোড়া স্যাভেল, কাঁচি, নেইলকটার, মেলার পোস্টার (যদি থাকে) ও পকেট বরচের জন্য কিছু নগদ টাকা।

৩০শে জানুয়ারি অনুষ্ঠিত হবে শিক্ষা শিবিরের সমাপনী অনুষ্ঠান।

কেন্দ্রীয় মেলার সাধারণ সভা

আগামী ৩১শে জানুয়ারি বিকেল ৪টায় মেলা ভবনে অনুষ্ঠিত হবে দ্বিবার্ষিক সাধারণ সভা। এ সাধারণ সভায় শিক্ষা শিবিরে অংশগ্রহণকারী জাইবোনরাও যোগ দিতে পারবেন। যেকোন তথ্যের জন্য কেন্দ্রীয় কচি-কাচার মেলা ৩৭/এ, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ অথবা ৪১৪৫৩৫ ফোন নম্বরে প্রতিদিন সন্ধ্যার পর যোগাযোগ করা যাবে। সংবাদ বিজ্ঞপ্তি।